**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ক্লাইনহ্যান্স মিউজিক হলের 21 মিলিয়ন মার্কিন ডলার সংস্কার প্রকল্পের কাজ শুরুর ঘোষণা করলেন

***প্রকল্পটি বিশ্ববিখ্যাত সাংস্কৃতিক প্রতিষ্ঠানটির হালনাগাদকরণ ও নবায়ন করবে***

***প্রকল্পের ফটো পাওয়া যাবে*** এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ক্লাইনহ্যান্স মিউজিক হলের (Kleinhans Music Hall) 21 মিলিয়ন মার্কিন ডলার সংস্কার প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে, এটি বাফেলোতে অবস্থিত একটি বিশ্বমানের শিল্প ও সংস্কৃতি গন্তব্য। প্রকল্পটি জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্কটির (National Historic Landmark) হালনাগাদকরণ ও নবায়ন করবে এবং এর অবস্থার আরো অবনতি ঠেকাবে। গভর্নর হোকল সম্প্রতি অর্থবছর 2023 এর বাজেটে প্রকল্পটির জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করেছেন, পাশাপাশি থাকবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) থেকে 1 মিলিয়ন মার্কিন ডলার অনুদান।

"নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের স্বাস্থ্যের জন্য শিল্প অতি গুরুত্বপূর্ণ এবং ক্লাইনহ্যান্স ওয়েস্টার্ন নিউ ইয়র্কের একটি অত্যাবশ্যকীয় সাংস্কৃতিক শক্তি," **গভর্নর হোকল বলেন।** "অনেক দশক ধরে ক্লাইনহ্যান্স মিউজিক হল, যেখানে আমি ও আমার পরিবার দর্শক হিসেবে অগণিত সন্ধ্যা উপভোগ করেছি, বিশ্বের সেরা কনসার্ট হলগুলির একটি হিসেবে এর খ্যাতি দিয়ে দর্শকদের আকৃষ্ট করেছে। এই প্রকল্পটি আমাদেরকে ক্লাইনহ্যান্সকে আগামী অনেক দশক ধরে দর্শনার্থীদের জন্য সেরা মানের বিনোদন ও সংস্কৃতি উপভোগ করার জন্য একটি আধুনিক স্বাগতস্থান বানানোর কাজ অব্যাহত রাখতে দেয়।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন,** "ক্লাইনহ্যান্স মিউজিক হল সংস্কার এই ঐতিহাসিক ভেন্যুর দর্শক ও দর্শনার্থীদের নিরাপত্তা ও উপভোগের জন্য অতি গুরুত্বপূর্ণ, এটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সাংস্কৃতিক পরিচিতি এবং অর্থনৈতিক প্রাণশক্তির একটি মুখ্য অংশ। গভর্নর হোকলের কল্যাণে, এই অবকাঠামো হালনাগাদকরণের কাজ ক্লাইনহ্যান্সের জন্য আগামী প্রজন্মসমূহের জন্য মঞ্চ-প্রস্তুত রাখা নিশ্চিত করে।"

সিমফনি সার্কেলে অবস্থিত ক্লাইনহ্যান্স মিউজিক হল ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে 82 বছর ধরে সেবাদান করেছে এবং এটি অঞ্চলটির একটি অর্থনৈতিক ইঞ্জিন। এটির মালিকানা বাফেলো সিটির এবং এটি পরিচালনা করে একটি অলাভজনক সংগঠন ক্লাইনহ্যান্স মিউজিক হল ম্যানেজমেন্ট ইনকরপোরেশন (Kleinhans Music Hall Management Inc.)। আইলিল ও ইরো সারিনেনের নকশাকৃত আইকনিক এই হলটি 1939 সালে নির্মিত হয়েছে এবং এটি বাফেলো ফিলহার্মোনিক অর্কেস্ট্রা (Buffalo Philharmonic Orchestra),জাস্ট বাফেলো লিটারেরি সেন্টারের (Just Buffalo Literary Center) ব্যাবেল সিরিজ (Babel Series), এবং বাফেলো চেম্বার ও মিউজিক সোসাইটির ( Buffalo Chamber and Music Society) নিজেদের পারফরম্যান্স ও রিহার্সেলের স্থান; এবং এটি বহু স্কুল, সম্প্রদায়, এবং পারিবারিক উদযাপনের জন্য ভাড়া দেওয়া হয়। বাফেলো ফিলহার্মোনিক অর্কেস্ট্রা 1 থেকে 5 গ্রেড পর্যন্ত সকল বাফেলো পাবলিক স্কুলের (Buffalo Public School) শিক্ষার্থীকে ক্লাইনহ্যান্স পারফর্ম্যান্স দিতে আমন্ত্রণ জানায়, যা প্রতি বছর প্রায় 24,000 শিশুর সমান। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক থেকে আরো 16,000 শিক্ষার্থীও প্রতি বছর পারফর্ম্যান্স দিতে ক্লাইনহ্যান্সে আসে। প্রতি বছর, ক্লাইনহ্যান্স প্রায় 200 ইভেন্ট আয়োজন করে যেখানে প্রায় 200,000 মানুষ উপস্থিত থাকে।

**ক্লাইনহ্যান্সের পরিচালক ড্যানিয়েল হার্ট বলেন,** "সিটির সাথে অংশীদারিত্বে এই দুর্দান্ত ভবনের স্টুয়ার্ড হিসেবে, আমরা অতি আনন্দিত যে গভর্নর হোকল এই গুরুত্বপূর্ণ প্রকল্পে এই দারুণ প্রতিশ্রুতিটি করেছেন। এই সমর্থন, বাফেলো সিটি ও ইরি কাউন্টিসহ আমাদের অন্যান্য অংশীদারদের সাথে মিলে, দ্রুতই এই প্রচেষ্টাটিকে স্বপ্ন থেকে বাস্তবে পরিণত করেছে। আমাদের ক্লাইনহ্যান্স পরিচালনা পর্ষদের পক্ষে বলছি, আমরা বিশ্বাস করি যে আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ কাজ হলো ভবনটিকে সংরক্ষণ ও উন্নত করা যাতে করে আগামী প্রজন্মগুলিও এটিকে উপভোগ করতে থাকতে পারে। আজকের দিনটি সেই দিনের জন্য একটি সত্যিকারের মাইলফলক হয়ে থাকবে।"

বহু দশক ব্যবহারের পর, কার্যত ক্লাইনহ্যান্স ভবনের প্রতিটি কোণায় মেরামত বা সমর্থন প্রয়োজন, যার মধ্যে রয়েছে এর বাহ্যিক অংশ, অভ্যন্তর, প্লাম্বিং, ছাদ, বেজমেন্ট, বৈদ্যুতিক, দরজা, জননিরাপত্তা এবং HVAC। প্রকল্পের এই পর্যায়টি নিম্নোক্ত কাজ করবে:

- একটি সম্পূর্ণ নতুন ছাদ শেষ করা (বর্তমানটি 40 বছর পুরনো)।
- নতুন কেন্দ্রীয় স্টিম বয়লার/ভ্যাকুয়াম কনডেন্স রিটার্ন সিস্টেম হালনাগাদ করে দক্ষ মডুলার স্টিম বয়লার।মেকআপ পানির সিস্টেম কেনা হবে ও স্থাপন করা হবে।
- হিটিং, ভেন্টিলেশন এবং এয়ার কন্ডিশনিং সিস্টেম হালনাগাদ করা হবে। প্রধান প্রধান সরঞ্জামের অংশ এবং নিয়ন্ত্রণ ব্যবস্থায় যা যা প্রতিস্থাপন করতে হবে: নতুন এক্সস্ট ফ্যান এবং ডাক্ট; পূর্তিতে স্টিম ট্র্যাপ; ফ্রন্টএন্ড BMS নিয়ন্ত্রক; মূল অডিটোরিয়ামের HVAC; লিভিংস্টন হল এবং বেজমেন্টের বাতাস সামলানোর ইউনিট।
- জীবন নিরাপত্তা/শক্তি দক্ষতা। অগ্নিনির্বাপণ ব্যবস্থা ও স্মোক ডিটেক্টর আপডেট করা; মাছের উপরের সিলিং থেকে নতুন পড়ে যাওয়া থেকেই সুরক্ষা ব্যবস্থা স্থাপন; পুরো ফ্যাসিলিটির দরজার অ্যাক্সেস ও সিকিউরিটি সিস্টেম বদলে ফেলা হবে; বাইরের বাতি

হালনাগাদকরণ করা হবে (পার্কিং লট, উত্তর ও দক্ষিণ ক্যানোপি), শক্তি দক্ষতার জন্য সকল স্থানের অভ্যন্তরীণ বাতি হালনাগাদ করা হবে।
- সাধারণ ভবনের সিস্টেম। প্রতিফলক পুলের জন্য একটি নতুন লাইনার স্থাপন করা হবে। জানালা বদলে ফেলা হবে। পুরো স্থানের রং ও প্লাস্টার প্রকল্পের পুরো সময় ধরে চলবে।

প্রকল্পটি ডাউনটাউন পুনরুজ্জীবনকে অগ্রসর করে, বাফেলোর কেন্দ্রীয় ব্যবসা জেলা থেকে এক থেকে দুই মাইলের মধ্যে একটি প্রিমিয়ার, আন্তর্জাতিক ল্যান্ডমার্ক পারফর্ম্যান্স স্পেস প্রদান করে।এটি সম্প্রদায়ে একটি কৌশলগত বিনিয়োগ, যেহেতু এর ঠিক সংলগ্ন এলাকাগুলি গত এক দশকে অর্থনৈতিক বিনিয়োগ ও প্রবৃদ্ধি দেখেছে। এছাড়াও প্রকল্পটি পরিবেশগতভাবে দায়িত্বশীল; সিস্টেম হালনাগাদকরণের পুরো অংশের পানি, বিদ্যুৎ ও গ্যাস ব্যবস্থাপনা আরো ভালো দক্ষতা প্রদান করবে যা মার্কিন ডলার ও জাতীয় সংস্থান সাশ্রয় করবে।

সংস্কার প্রকল্পের অতিরিক্ত সমর্থন প্রদান করছে বাফেলো সিটি, ইরি কাউন্টি, অ্যাসেম্বলি সদস্য জন রিভেরা এবং বেসরকারি খাতের প্রতিশ্রুতি।

**স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন,** "আট দশকের বেশি সময় ধরে, ক্লাইনহ্যান্স বাফেলো সিটির একটি আইকনিক প্রতিষ্ঠান হিসেবে আছে, এটি শিল্প, সঙ্গীত ও সম্প্রদায়ের প্রতি একটি প্রতিশ্রুতি লালন করে রেখেছে। বিনিয়োগটি মিউজিক হলের দক্ষতা, নিরাপত্তা ও অ্যাক্সেসিবিলিটিকে অগ্রাধিকার প্রদান করবে, এবং নিশ্চিত করবে যাতে এটি আগামী প্রজন্মসমূহের জন্য আমাদের শহরের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে থাকে।"

**অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন,** "আমার জেলার একটি ঐতিহাসিক সম্পদ হিসেবে, ক্লাইনহ্যান্স একটি অসাধারণ কনসার্ট হল হিসেবে আন্তর্জাতিক খ্যাতি নিয়ে আমাদের সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ সম্পদ হয়ে আছে। 1940 সালে উদ্বোধন হওয়া ভবনটির অবকাঠামোতে এখন মনোযোগ ও মেকানিক্যাল মেরামত প্রয়োজন। আমি অনেক বেশি গর্বিত যে আমার অফিস এই প্রকল্পটিকে সহায়তা করার জন্য এবং ক্লাইনহ্যান্স ধারাবাহিকভাবে যেই বিশ্বমানের সেটিং ও পারফর্ম্যান্স প্রদান করে, তা যাতে বাফেলোর ভবিষ্যৎ প্রজন্মের সঙ্গীতপ্রেমীরা উপভোগ করতে পারে তা নিশ্চিত করার জন্য অনুদান তহবিল নিশ্চিত করতে পেরেছে।"

**ইরি কাউন্টির নির্বাহী মার্ক পোলোনকার্জ বলেন,** "ক্লাইনহ্যান্স মিউজিক হলের এইসব হালনাগাদকরণ ও উন্নয়নের ফলে আমাদের সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নত হবে। এই সংস্কার প্রকল্প ইরি কাউন্টির সার্বিক শিল্প সম্প্রদায়কে বলীয়ান করবে এবং এছাড়াও আমাদের স্থানীয় অর্থনীতির অব্যাহত পুনরুজ্জীবনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই ঐতিহাসিক কাঠামোটির সংরক্ষণ ও উন্নয়ন একটি বিচক্ষণ বিনিয়োগ যা আমাদের অঞ্চলের বাসিন্দা এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বেড়াতে আসা মানুষের দ্বারা সামনের অনেক বছরের জন্য প্রশংসিত হবে।"

**মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "গত 82 বছর ধরে ক্লাইনহ্যান্স মিউজিক হল বাফেলোর বিশ্বমানের সাংস্কৃতিক ও স্থাপত্য পোর্টফোলিওর একটি রত্ন হয়ে আছে, কিন্তু এটিতে এর

শারীরিক বয়সের ছাপ পড়েছে এবং ব্যাপক হালনাগাদকরণের সময় এসেছে। আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ধন্যবাদ জানাচ্ছি চলমান 21 মিলিয়ন মার্কিন ডলারের সংস্কার কাজে নিউ ইয়র্ক স্টেটের উদার অবদানের জন্য। 2016 সাল থেকে, আমার প্রশাসন সিটি-মালিকানাধীন এই সম্পদটির রক্ষণাবেক্ষণ করতে 2.6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, এবং আমরা এই প্রকল্পে 2.2 মিলিয়ন মার্কিন ডলার অবদান রাখতে পেরে গর্বিত যা এই চমৎকার ফ্যাসিলিটিটিকে আগামী প্রজন্মের উপভোগের জন্য সুরক্ষা করবে।"

ক্লাইনহ্যান্সের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে এখানে https://kleinhansbuffalo.org/ ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418